**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[কাস্টমস]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং- ২৫০-আইন/২০২৬/৮০/কাস্টমস।**- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ১১ ও ১২ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার-

(১) বিধি ১২ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "একই মালিকানাধীন একই প্রতিষ্ঠানের আওতায় একাধিক স্থানে" শব্দগুলির পর "একই কমিশনারেটের অধিক্ষেত্রে দূরত্ব নির্বিশেষে" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(২) তফসিল-২ এ বর্ণিত টেবিলের ক্রমিক নং ১৫ এর বিপরীতে উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা:-

"কারখানার চতুর্দিকে নিরাপত্তা বেষ্টনি থাকিবার নকশা যাহা সার্টিফাইড ইঞ্জিনিয়ার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইতে হইবে, তবে, একই ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার মধ্যে স্থাপিত গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের সকল প্রতিষ্ঠান ওয়্যারহাউস লাইসেন্সধারী (আবেদনকারী প্রতিষ্ঠান ব্যতীত) হইলে উক্ত ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার নিরাপত্তা বেষ্টনি এবং সকল প্রতিষ্ঠান ওয়্যারহাউস লাইসেন্সধারী (আবেদনকারী প্রতিষ্ঠান ব্যতীত) না হইলে প্রতিষ্ঠান ভিত্তিক নিরাপত্তা বেষ্টনি থাকিবার নকশা যাহা সার্টিফাইড ইঞ্জিনিয়ার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইতে হইবে।"।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**
**স্বাক্ষরিত/-**
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।